

# শিক্ষার্থীরা যখন চায় তখনই আলোচনাঃ আইনমন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

: বৃহস্পতিবার, ১৮ জুলাই ২০২৪



আইনমন্ত্রী আনিসুল হক : ফাইল ছবি

কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে আলোচনায় বসবে সরকার। আইনমন্ত্রী আনিসুল হক আজ বৃহস্পতিবার বলেন, এই আলোচনার জন্য দুজন মন্ত্রীকে দায়িত্ব দেওয়া হয়েছে।

আর কোটা সংস্কারের জন্য আন্দোলনের পাশাপাশি আলোচনার পথও খোলা থাকার বার্তা দিয়েছে আন্দোলনকারী শিক্ষার্থীরা।

আইনমন্ত্রী বলেন, আন্দোলনরত শিক্ষার্থীরা যখনই আলোচনায় বসতে রাজি হবেন, তখন এ আলোচনা হবে। তিনি জানান কোটা সংস্কারের বিষয়ে সরকার নীতিগতভাবে একমত।

আজ দুপুরে জাতীয় সংসদ ভবনের গেইটে এক সংক্ষিপ্ত সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন আইনমন্ত্রী।

বুধবার রাত পৌনে ৩টার দিকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে কোটা সংস্কার আন্দোলনকারীদের প্ল্যাটফর্ম বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক হাসনাত আব্দুল্লাহ আলোচনার পথ খোলা রাখার কথা জানান।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘সরকারের কাছ থেকে দৃশ্যমান পদক্ষেপ সমাধানের পথ তৈরি করতে পারে। আমাদের আন্দোলনের পাশাপাশি আলোচনার পথও খোলা থাকবে।’

বিজ্ঞপ্তিতে সারাদেশে ‘হত্যা ও হামলার’ সঙ্গে জড়িত ছাত্রলীগ কর্মী ও দায়িত্বরত পুলিশদের বিচারের আওতায় আনা এবং জাতীয় সংসদে আইন পাসের মাধ্যমে কোটা সংস্কারের দাবি জানানো হয়।

আইনমন্ত্রী জানিয়েছেন সহিংসতা-মৃত্যুর ঘটনায় হাইকোর্টের বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামানকে দিয়ে বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন করা হয়েছে। শিক্ষার্থীদের আন্দোলন চলাকালে গত মঙ্গলবার দেশের বিভিন্ন জায়গায় সংঘর্ষে ছয়জন নিহত হয়েছেন।

কোটা নিয়ে আপিল বিভাগে শুনানির সময় এগিয়ে আনার জন্য আগামী রোববার সরকার পক্ষ আবেদন করবে বলে জানান আইনমন্ত্রী। আগামী ৭ আগস্ট শুনানির দিন নির্ধারিত আছে।

আনিসুল হক জানান, তাকে ও শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরীকে শিক্ষার্থীদের সঙ্গে আলোচনার জন্য দায়িত্ব দেওয়া হয়েছে।